

জুন/২০২২ মাসের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব আফরোজা বেগম, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোনা।

সভার স্থান : উপজেলা শিক্ষা অফিস, কলমাকান্দা, নেত্রকোনা।

তারিখ : ০৬ জুন ২০২২ খ্রিঃ।

আজ ০৬ জুন ২০২২ খ্রিঃ তারিখ রোজ সোমবার উপজেলা শিক্ষা অফিস, কলমাকান্দা, নেত্রকোনায় জুন/২০২২ মাসের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা আফরোজা বেগম, ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ কলমাকান্দা, নেত্রকোনা এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। পূর্ববর্তী মাসের কার্য বিবরণী পাঠ করে শুনানো হয় এবং তা সভায় অনুমোদিত হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী	মন্তব্য
০১	বিদ্যালয়ের ভবনের নিরাপত্তা প্রসঙ্গে	কলমাকান্দা হাওর ও নদী বেষ্টিত হওয়ায় অনেক বিদ্যালয় নদীর তীরে অবস্থিত হওয়ায় বন্যার সময় এসব বিদ্যালয়ের আসবাবপত্র, ফ্লোর, বারান্দা, দরজা, জানালা ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকে। এজন্য এসব বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ আকস্মিক বন্যায় যাতে বিদ্যালয়ের সম্পদ ক্ষতিগ্রস্ত না হয় সেজন্য সবাইকে সতর্ক থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল	
০২	বিভিন্ন উন্নয়ন মূলক কাজ প্রসঙ্গে	কলমাকান্দা উপজেলার ২০২১-২২ অর্থ বছরের ১৭২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থী অনুপাতে স্লিপের অর্থ, ১১৪টি বিদ্যালয়ে রুটিম মেইনটেনেন্স ২২ টি বিদ্যালয়ে ০২ লক্ষ টাকার বরাদ্দ এবং ০২টি বিদ্যালয়ে ১.৫ লক্ষ টাকার বরাদ্দ দেওয়া হয়েছে। নির্ধারিত সময়ে কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউইও, এইউইও, নির্ধারিত কমিটিসহ সংশ্লিষ্ট	
০৩	স্কুল ফিডিং প্রকল্পের আওতায় বিস্কুট বিতরণ প্রসঙ্গে	স্কুল ফিডিং প্রকল্পের আওতায় ১৭২ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এবং ০৮টি এবদায়ী মাদরাসায় প্রতি শিক্ষার্থীদের মাঝে ৩০ প্যাকেট করে বিস্কুট বিতরণ করা হয়।	ইউইও, এইউইও, প্র.শি সহ সংশ্লিষ্ট সকল।	
০৪	আন্তঃ প্রাথমিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট প্রতিযোগিতা	সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও উপজেলা পর্যায়ে আন্তঃ প্রাথমিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট প্রতিযোগিতা সফলভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউইও, এইউইও, প্র.শি সহ সংশ্লিষ্ট সকল।	
০৫	বিদ্যালয় বন্ধ ঘোষণা	কোভিড-১৯ সময়ে দীর্ঘদিন সরাসরি পাঠদান বন্ধ ছিল। যারফলে শিক্ষার্থীদের লেখাপড়ার ঘাটতি লক্ষ্য করা যায়। ঘাটতি পূরণসহ শিক্ষার্থীদের লেখাপড়ায় যেন কোন	ইউইও, এইউইও, প্র.শি সহ সংশ্লিষ্ট সকল।	

	ক্ষতি না হয় সেজন্য প্রধানশিক্ষক এবং সহকারি শিক্ষকদের মাধ্যমে বিদ্যালয়ের শিক্ষার্থীদের সাথে যোগাযোগ রাখার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হয়।	
--	---	--

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকল কে ধন্যবাদ জানিয়ে জুন/২০২২ মাসের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

*04/04/22*

(আফরোজা বেগম)

ভাইস চেয়ারম্যান (মহিলা)

উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।

ও

সভাপতি

সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি

তারিখ : *04/04/22* খ্রিঃ

স্মারক নং : উশিঅ/কলমা/নেত্র/২০২২/২০২৩(৫)

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।
০২. উপজেলা নির্বাহী অফিসার, কলমাকান্দা, নেত্রকোণা।
০৩. চেয়ারম্যান, ..... ইউপি, কলমাকান্দা, নেত্রকোণা।
০৪. সংরক্ষিত সদস্য, ..... ইউপি, কলমাকান্দা, নেত্রকোণা।
০৫. অফিস কপি।

*04/04/22*

(জাহানারা খাতুন)

উপজেলা শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি

কলমাকান্দা, নেত্রকোণা।